

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৪০৪

তারিখ: ২৫ ফাল্গুন ১৪২৬
০৯ মার্চ ২০২০

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

আজ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ

সিনপটিক অবস্থাঃ পশ্চিমা লঘুচাপের বর্ধিতাংশ হিমালয়ের পাদদেশীয় পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন একাকায় অবস্থান করছে। মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে।

পূর্বাভাসঃ অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া প্রধানতঃ শুষ্ক থাকতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): তাপমাত্রা আরও বৃদ্ধি পেতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্টগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---------------------|------|-----------|-----------|-------|---------|-------|-------|--------|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩০.৬ | ২৮.০ | ৩১.৭ | ২৮.৭ | ৩০.৬ | ২৯.০ | ৩১.২ | ৩১.৫ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ১৬.০ | ১৬.২ | ১৭.২ | ১৪.৯ | ১৪.৮ | ১৫.২ | ১৬.০ | ১৮.০ |

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল ছিল কক্সবাজার ৩১.৭° এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা রাজশাহী ১৪.৮° সেঃ।

সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক সংকেত নাই।

আজ ৯ মার্চ ২০২০ খ্রি: সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাসঃ

দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য কোন সতর্কবাণী নেই এবং কোন সংকেত দেখাতে হবে না।

অগ্নিকান্ড:

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ০৭/০৩/২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ০৮/০৩/২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ৩০টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডের তথ্য নিম্নে দেওয়া হলঃ

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---------|-------------|---------------------|--------------|---------------|
| ১। | ঢাকা | ৩ | ০ | ০ |
| ২। | ময়মনসিংহ | ৩ | ০ | ০ |
| ৩। | বরিশাল | ১ | ০ | ০ |
| ৪। | সিলেট | ২ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ২ | ০ | ০ |
| ৬। | রংপুর | ৭ | ০ | ০ |

| | | | | |
|----|-----------|----|---|---|
| ৭। | চট্টগ্রাম | ৩ | ০ | ০ |
| ৮। | খুলনা | ৯ | ০ | ০ |
| | মোট | ৩০ | ০ | ০ |

নৌকাডুবি:

১। রাজশাহীঃ জেলা প্রশাসন, রাজশাহী এর স্মারক নং: ৫১.০১.৮১০০.০২৫.০৮.০০১.১৯-১৩৩, তারিখ ০৭.০৩.২০২০খ্রিঃ এর মাধ্যমে জানানো হয়েছে যে, গত ০৬.০৩.২০২০খ্রিঃ তারিখ বিকাল ৫.৩০ ঘটিকায় বৌভাত অনুষ্ঠান থেকে ফেরার পথে দুটি নৌকা রাজশাহী জেলার পবা উপজেলাধীন শ্রীরামপুর নামক স্থানে পদ্মা নদীতে ঝড়ের কবলে পড়ে এবং মাঝ নদীতে ডুবে যায়। দুটি নৌকায় মাঝিসহ আনুমানিক ৪২ (বিয়াল্লিশ) জন যাত্রী ছিলেন মর্মে বিভিন্ন তথ্য সূত্রে জানা যায়। ঘটনার খবর পাওয়ার সাথে সাথে জেলা প্রশাসনের তত্বাবধানে সন্ধ্যা ৬.০০ টায় উদ্ধার কার্যক্রম শুরু করা হয়। বর মোঃ আসাদুজ্জামান বুমন সহ ৩২ (বত্রিশ) জনকে জীবিত উদ্ধার করা সম্ভব হয়েছে। উদ্ধারকৃতদের মধ্যে ০৫ (পাঁচ) জন রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয় তন্মধ্যে ৪ (চার) জন প্রাথমিক চিকিৎসা শেষে হাসপাতাল ত্যাগ করেন। একজন চিকিৎসাধীন থাকলেও তিনি শংকামুক্ত। ০৮.০৩.২০২০খ্রিঃ তারিখ পর্যন্ত ঘটনাস্থল থেকে ৮ (আট) জনের লাশ উদ্ধার করা হয়েছে। জেলা প্রশাসন, রাজশাহী থেকে টেলিফোনে জানানো হয়েছে যে, অদ্য দুপুরে আরও ১ (এক) জনের লাশ উদ্ধার করা হয়েছে। এ নিয়ে নৌকা ডুবিতে মোট মৃতের সংখ্যা ৯ (নয়) জন। ইতোমধ্যে ক্ষতিগ্রস্তদের প্রয়োজনীয় সহায়তা প্রদান কার্যক্রম গ্রহণ করা হয়েছে। নিহতদের তথ্য নিয়ে উল্লেখ করা হলোঃ

(ক) নিহতদের তথ্যঃ

| ক্রঃ নং | মৃত ব্যক্তির নাম ও বয়স | মৃত ব্যক্তির ঠিকানা |
|---------|---|--|
| ১। | মোসাঃ মরিয়ম (৬), পিতা- রতন আলী | গ্রাম- বসুয়া, হড়গ্রাম, পবা, রাজশাহী |
| ২। | মোসাঃ মনি (২৫), স্বামী- শামীম | গ্রাম- ডাঙ্গেরহাট, হজুরীপাড়া, পবা, রাজশাহী |
| ৩। | মোঃ এখলাছ উদ্দিন (২২), পিতা- মোঃ আসলাম উদ্দিন | গ্রাম- গোবিন্দপুর, পবা, রাজশাহী |
| ৪। | রতন (২৬), পিতা-গাজী, | গ্রাম-বসুয়া, হড়গ্রাম, পবা, রাজশাহী |
| ৫। | মোঃশামীম (৪৮), পিতা-সামাদ | গ্রাম-ডাঙ্গেরহাট, পবা, রাজশাহী |
| ৬। | রশ্মি (৭), পিতা- সামাদ | গ্রাম-ডাঙ্গেরহাট, পবা, রাজশাহী |
| ৭। | রুবাইয়া (১৩), পিতা- মোঃ রবিউল, | গ্রাম-আলিগঞ্জ, পবা, রাজশাহী |
| ৮। | আখি (২২), পিতা- আবু বকর | গ্রাম- ডাইংয়েরহাট, হজুরীপাড়া, পবা, রাজশাহী |
| ৯। | সুইটি (পুর্ণি) (১৫), পিতা- শাহীন | গ্রাম- ডাইংয়েরহাট, হজুরীপাড়া, পবা, রাজশাহী |

১১-৩-২০২০

মোহাম্মদ হাফিজুর রহমান

ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল:

controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অনুবিভাগ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৪০৪/১

তারিখ: ২৫ ফাল্গুন ১৪২৬

০৯ মার্চ ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

- ২) পরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৩) উপ-পরিচালক (সকল)
- ৪) প্রবীর কুমার দাস, প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৫) জেলা ত্রাণ ও পূর্ণবাসন কর্মকর্তা



১১-৩-২০ ২০

মোহাম্মদ হাফিজুর রহমান
ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)